

# আজকাল:

net

১০ আষাঢ় ১৪১৯ সোমবার ২৫ জুন ২০১২ কলকাতা সংস্করণ ৩.৫০ টাকা \*\*

## জর্জের সঙ্গে ফিউচারের গাঁটছড়া সঙ্গে পাওনা অনুপমের থিম সং



১৯২০-তে পথ চলা শুরু করে দেখতে দেখতে ৯২টি সৌরবাধিত বছর পার করে কর্মমুখী প্রশিক্ষণের জগতে বর্তমানে এক উজ্জ্বল নাম দি জর্জ টেলিগ্রাফ ট্রেনিং ইনস্টিটিউট। প্রতিষ্ঠানের স্লোগান 'জীবন গড়ে দেয়'-এর সঙ্গে প্রকৃত অর্থেই সাযুজ্য রেখে জর্জ আজ একগুচ্ছ পেশাদারি কর্মমুখী কোর্সের আকাশচুম্বী জনপ্রিয়তা। ইলেকট্রনিক্স অ্যান্ড টেলিকমিউনিকেশন ইঞ্জিনিয়ারিং, অটোমোবাইল ইঞ্জিনিয়ারিং, কম্পিউটার হার্ডওয়্যার ইঞ্জিনিয়ারিং অ্যান্ড নেটওয়ার্কিং, ইলেকট্রিক্যাল টেকনিশিয়ান, মাস কমিউনিকেশন অ্যান্ড পাবলিক রিলেশনস, সিভিল কনস্ট্রাকশন টেকনোলজি, সিভিল ড্রাফটসম্যানশিপ, সার্টিফায়ড প্রফেশনাল অ্যাকাউন্ট্যান্ট, এয়ার কন্ডিশন অ্যান্ড রেফ্রিজারেশন ইঞ্জিনিয়ারিংয়ের মতো যুগোপযোগী কোর্সের পসরা জর্জ।

পড়ুয়াদের শুধু শিক্ষাদানই নয়, পেশাদারি দুনিয়ার উপযোগী করে তুলতে এবার জর্জ হাত মেলালো ফিউচার শার্প স্কিলস লিমিটেডের সঙ্গে। এই সংস্থাটি বিগ বাজার, সেন্ট্রাল ও হোম টাউনের মতো জনপ্রিয় রিটেইল চেইনের পরিচালক সংস্থা ফিউচার গ্রুপ এবং ভারত সরকারের অর্থ মন্ত্রকের উদ্যোগে স্থাপিত একটি অমুনাফাজোগী সংস্থা ন্যাশনাল স্কিল ডেভেলপমেন্ট কর্পোরেশন (এন এস ডি সি)-এর একটি যৌথ উদ্যোগ। এদের লক্ষ্য ২০২০ সালের মধ্যে ২১টি ফোকাস সেক্টরের ১৫ কোটি কর্মীকে প্রশিক্ষিত (স্কিল ডেভেলপমেন্ট) করে তোলা। এই যৌথ উদ্যোগ নিয়ে অভ্যস্ত আশাবাদিত জর্জের ডিরেক্টর শ্রী সুরত দত্ত জানানেন, কর্মমুখী শিক্ষায় শিক্ষিত করে তোলার পরে জর্জের

পড়ুয়াদের মেধা ও প্রয়োজন অনুযায়ী কাজের জগতে প্রবেশের সুবিধে করে দিতে তাঁদের এই উদ্যোগ। তিনি আশা করেন ফিউচার গ্রুপের মতো বড় শিল্পক্ষেত্রের সঙ্গে জর্জের এই মিলিত পদক্ষেপে জর্জের পড়ুয়াদের সামনে কর্মজগতের এক বিশাল দূয়ার খুলে যাবে। ফিউচার শার্প স্কিলস লিমিটেডের সি ও ও শ্রী গৌতম রায় জানান, আগামী ১০ বছরে তাঁদের প্রতিষ্ঠান পশ্চিমবঙ্গের পাঁচ লাখ কর্মীকে কর্মজগতের প্রকৃত হাল-হকিকত সম্পর্কে ওয়াকিবহাল করার লক্ষ্যমাত্রা নিয়েছে। এ কাজে জর্জের মতো নামী কর্মমুখী কোর্সের প্রশিক্ষণদাতার সঙ্গে তাঁদের গাঁটছড়া বাঁধায় তাঁরা উচ্ছ্বসিত।

এই গাঁটছড়া বাঁধার অনুষ্ঠানটা আরও অন্য মাত্রা পেলে নামী গায়ক অনুপম রায়ের আরও এক উজ্জ্বল প্রয়োগে। জর্জের কাজের ব্যাপ্তিকে সুন্দরভাবে প্রকাশ করার জন্য বোধহয় সঙ্গীতের মুহূর্তের চেয়ে ভাল কিছু আর হতে পারত না। জর্জের কাজের সঙ্গে তাল মিলিয়ে তিনি বেঁধে ফেললেন প্রতিষ্ঠানের থিম সং 'জীবন গড়ার গান'। ডিরেক্টর সুরত দত্তের মতে, আধুনিক যুবসমাজের প্রতিভূ অনুপম জর্জের থিম সং গাওয়ায় প্রতিষ্ঠানের মানসিকতা দারুণভাবে প্রতিকলিত হয়েছে, কেননা শুরু দিন থেকে জর্জে যুবসমাজেরই জয়গান। আর জর্জের থিম সং গেয়ে গায়ক অনুপম রায় অত্যন্ত সম্মানিত বোধ করছেন বলে জানিয়েছেন।



Candid Communication

6-B, Dr. Rajendra Prasad Sarani, (Clive Row) 2nd floor, Kolkata -700001

Phone : 033-2230 4984, 6535 3690, Telefax : 033-2231 3650 , E-mail : info@candidcommunication.net